

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭২৬

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৫৪. সকাল বেলায় যা বলবে

بَابٌ مَا يَقُولُ إِذَا أَصْبَحَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفِّيَانَ عَنْ سَلَمَةَ بْنِ كُهْيَلٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ
بْنِ أَبْزَى عَنْ أَبِيهِ قَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَصْبَحَ قَالَ أَصْبَحْنَا عَلَى
فِطْرَةِ الْإِسْلَامِ وَكَلِمَةِ الْإِخْلَاصِ وَدِينِ نَبِيِّنَا مُحَمَّدٍ وَمِلَّةِ أَبِينَا إِبْرَاهِيمَ حَنِيفًا مُسْلِمًا

বাংলা

২৭২৬. আবুজ্বাহ ইবনু আবুর রহমান ইবনু আবয়া তার পিতা সূত্রে বর্ণনা করেন তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকালবেলায় বলতেন: “আসবাহনা আলা ফিতরাতিল ইসলাম ওয়া কালিমাতিল ইখলাসি ওয়া দীনি নাবিয়িনা মুহাম্মাদিন ওয়া মিল্লাতি আবীনা ইবরাহীম হানিফান মুসলিমান। (অর্থ: আমরা স্বত্বাব ধর্ম ইসলামের উপর, ইখলাসের কালিমার উপর, আমাদের নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দীনের উপর এবং আমাদের পিতা ইবরাহীম (আ.) এর মিল্লাতের উপর একনিষ্ঠ মুসলিম হিসেবে সকাল করলাম।)[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। আবুজ্বাহ ইবনু আবুর রহমানকে আহমাদ ও ইবনু হিবান ‘ছিকাহ’ বা বিশ্বস্ত বলেছেন।

তাখরীজ: ইবনু আবী শাইবা ৯/৭৭ নং ৬৫৯১;; ইবনুস সুন্নী, আমলুল ইয়াওমু ওয়াল লাইলাহ নং ৩৪; আহমাদ ৩/৮০৬(বুখারীর শর্তানুযায়ী সহীহ), ৮০৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ইবনু ‘আবদুর রহমান ইবনু আবয়া (রহ.)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83011>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন